

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৫০

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّام اسْتِحَاضَتِهَا

আরবী

قُلْتُ وَكَيْفَ إِنْ كَانَ طَلَّقَ وَهِيَ تَحِيضُ فِي كُلِّ سَنَةٍ مَرَّةً كَمْ تَعْتَدُّ قَالَ إِنْ كَانَتْ تَحِيضُ أَقْرَاؤُهَا مَعْلُومَةٌ هِيَ أَقْرَاؤُهَا فَإِنَّا نُرَى أَنْ تَعْتَدَّ أَقْرَاءَهَا

বাংলা

৯৫০. (আওযাঈ বলেন) আমি বললাম: যদি এমন মহিলাকে তালাক দেয়া হয়, যার প্রতি বছরে মাত্র একবার করে হায়েয হয়, তবে সে কিভাবে ইদ্দত গণনা করবে? তিনি বললেন: যদি তার হায়েয হয়, আর তার হায়েযের নির্ধারিত দিনগুলি (কুরূ'সমূহ) জানা থাকে, তবে সেটাই তার হায়েযের নির্ধারিত দিন (কুরূ') হিসেবে ধরতে হবে। আর আমার মতে, সে তার কুরূ'সমূহ (হায়েয) অনুযায়ী ইদ্দত গণনা করবে।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদও আগের সনদটিই। ফলে এটিও জাইয়্যেদ।

তাখরীজ: (মুহাক্কিক এর কোন তাখরীজ করেননি ৷-অনুবাদক)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আওযায়ী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন